

## নজরদারিতা এবং অঙ্গীকার প্রদান

কামব্রিয়া কনস্টেবুলারি আমাদের স্থানীয় সম্প্রদায়ের জন্য কাজ করতে এবং সব সমর্থন প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা চাই সবাই সব রকম অপরাধ, হয়রানি, নিপীড়ন বা নির্যাতিত হওয়ার ভয় থেকে মুক্ত থেকে তাদের জীবন উপভোগ করুক।

সাম্প্রতিক আন্তর্জাতিক ঘটনাবলী আপনাদের উদ্বেগের কারণ হতে পারে, তবে কামব্রিয়া পুলিশ আপনাদের আশ্বস্ত করতে চায় যে, কোন জাতিগত হয়রানি বা ঘৃণা সহ্য করা হবে না।

সমস্ত এলাকা জুড়ে সব প্রধান অবস্থানে আমাদের উচ্চ পর্যায়ের টহলের ব্যবস্থা রয়েছে এবং কমিউনিটির ও ধর্মীয় নেতাদের সঙ্গে কাজ অব্যাহত রয়েছে।

### বাস্তব উপদেশ:

- সতর্ক থাকুন
- মৌখিক, শারীরিক বা মানসিক, সব ধরনের হয়রানি পুলিশের কাছে রিপোর্ট করুন। আপনি এই ধরনের ঘটনার শিকার হলে যথাসম্ভব যে কোনো আক্রমণাত্মক সাহিত্য, মোবাইল ফোন বার্তা বা কোনো ধরনের হামলায় ব্যবহার করা বস্তু সংরক্ষণ করুন। মনে রাখবেন, এমনকি যদি কেউ আপনাকে খুঁখু দেয় তাহলে পুলিশ ডিএনএ প্রমাণ সংগ্রহ করে অপরাধীকে খুঁজে বের করতে পারবে।
- সন্দেহজনক যানবাহন বা মানুষ সম্পর্কে পুলিশের কাছে রিপোর্ট করুন।
- পুলিশের সঙ্গে যোগাযোগ রক্ষা করুন, এবং কিভাবে হয়রানি সমস্যার মোকাবেলা করবেন তার পরামর্শ নিন।
- সন্দেহজনক প্যাকেট খুলবেন না।
- নিয়মিত আপনার নিরাপত্তা ব্যবস্থার পর্যালোচনা করুন।

যে কোন উদ্বেগের কারণ থাকলে অনুগ্রহ করে পুলিশের কাছে তার তথ্য প্রদান করুন।

### পুলিশের সাথে যোগাযোগের গুরুত্বপূর্ণ বিবরণ:

- কোনো সন্দেহজনক কার্যকলাপ দেখলে পুলিশের কাছে রিপোর্ট করুন: 101
- আপনি কোন অপরাধ সম্পর্কে অনলাইন এ রিপোর্ট করতে পারেন: [www.cumbria.police.uk](http://www.cumbria.police.uk)
- যে কোন ঘৃণিত অপরাধজনিত ঘটনা হেট ইনসিডেন্ট রিপোর্টিং সেন্টারে রিপোর্ট করুন, আপনার নিকটবর্তী সেন্টার খুঁজে পেতে পারেন: [www.cumbria.police.uk](http://www.cumbria.police.uk)
- কোন জরুরী অবস্থায় অথবা কোন অপরাধ অগ্রসর হতে থাকলে পুলিশকে ফোন করুন: 999

## আপনি আরও যোগাযোগ করতে পারেন:

- বেনামে যোগাযোগ করুন: ক্রাইমস্টপারস্ - 0800 555 111
- সন্ত্রাস বিরোধী হট লাইন: 0800 789 321
- আওয়াজ কামরিয়্যা (একটি স্বাধীন সংগঠন - কামরিয়্যা কালো এবং জাতিগত সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য)। আমাদের ফোন করুন: 0800 0232792 অথবা 07791 601640 নম্বরে।

টেক্সটের মাধ্যমে আমাদের রিপোর্ট করুন: 07537 402350.

ইমেইল: [information@awaz.info](mailto:information@awaz.info)

ওয়েব: [www.awazcumbria.org](http://www.awazcumbria.org)

অনলাইনে ঘৃণিত ঘটনা রিপোর্ট করুন: [www.reporth8crime.org](http://www.reporth8crime.org)



আমাদের ওয়েবসাইট পরিদর্শন করতে আপনার স্মার্টফোনে এই কোড স্ক্যান করুন।